

২০১৭

বাংলা

(সাম্মানিক)

চতুর্থ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নূতন পাঠক্রম)

বিভাগ—ক

পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১৫ x ৫

- ১। 'রাজসিংহ' উপন্যাসের চতুর্থ সংস্করণে স্ব-কথিত প্রতিপাদ্য বিষয়কে রূপায়নে উপন্যাসিক কতদূর সফল হয়েছেন তা পর্যালোচনা করো ।

১৫

## অথবা

‘রাজসিংহ’ উপন্যাস সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য—  
 “ঐতিহাসিক অংশের নায়ক ঔরঙ্গজেব রাজসিংহ ও বিখ্যাতগুরু ।  
 উপন্যাস অংশের নায়ক আশ্চ কি না জানি না ।” - বিশ্লেষণ  
 করো ।

১৫

২। ‘চোখের বালি’-র গল্পকে ভিতর থেকে ধাক্কা দিয়ে দারুণ  
 করে তুলেছে মায়ের ঈর্ষা ....’ - উপন্যাসটি সম্পর্কে স্বয়ং  
 লেখকের এই মন্তব্যের যথার্থতা বিচার করো ।

১৫

## অথবা

‘চোখের বালি’ উপন্যাসে মহেন্দ্র-বিনোদিনী ও আশা-  
 বিহারী সম্পর্কে জটিলতার রূপায়ণে উপন্যাসিকের কৃতিত্ব বিচার  
 করো ।

১৫

৩। ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসের আঙ্গিক বিশ্লেষণ করো ।

১৫

## অথবা

‘শ্রীকান্ত’-১ম পর্ব-অবলম্বনে অপ্রধান চরিত্র সৃষ্টিতে  
 শরৎচন্দ্রের কৃতিত্ব বিচার করো ।

১৫

- ৪। 'ডানা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো । ১৫

অথবা

'ডানা' উপন্যাস আশ্রয়ে কবি বনফুলের পরিচয় দাও । ১৫

- ৫। 'চিকিৎসা সংকট' গল্প অবলম্বনে পরশুরামের হাস্যরস সৃজন-  
কৃতিত্ব পরিমাপ করো । ১৫

অথবা

'সুন্যদায়িনী' গল্পে প্রতিফলিত লেখিকার সমাজ-চেতনার  
পরিচয় দাও । ১৫

বিভাগ — খ

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫ x ৩

- ৬। 'দুনিয়ার বাদশাহ হইলেও কেহ সুখী হয় না — কাহারও  
সাধ মেটে না' — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির মর্মার্থ ব্যাখ্যা  
করো । ৫
- ৭। 'চোখের বালি' উপন্যাসে চড়ুইতাতির ঘটনার তাৎপৰ্য ও প্রভাব  
ব্যাখ্যা করো । ৫

- ৮। 'শ্রীকান্ত' ১ম পর্বে শ্রীকান্তের নিশীথ শ্বশুরের অভিজ্ঞতা বর্ণনায় লেখকের কৃতিত্ব পরিমাপ করো । ৫
- ৯। 'ডানা' উপন্যাসে সন্ন্যাসী চরিত্র-পরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করো । ৫
- ১০। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে সিঁফান হোরো চরিত্রের আধারে লেখকের যে বক্তব্য প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে বিবৃত করো । ৫
- ১১। 'মেঘমল্লার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো । ৫
-